

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৩.২৭.৮৩৫.১৭-২৫১

তারিখ: ২৭/০৪/২০১৭ খ্রি:।

পরিপত্র

বিষয়: সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশন কর্তৃক স্থগিতাদেশ প্রদান করায় উন্মুক্ত দরপত্রের মাধ্যমে কার্যক্রয়ের ক্ষেত্রে সিপিটিইউ কর্তৃক প্রণীত আদর্শ দরপত্র দলিল PW2(a), PW3, e-PW2(a) এবং e-PW3 এর ITT Clause এ প্রদত্ত “Past Performance Evaluation and rating matrix” স্থগিতকরণ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় অভ্যন্তরীণ কার্যক্রমে দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে কৃতকার্য দরদাতা নির্বাচনের লক্ষে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (২৪ নভেম্বর ২০১৬ খ্রি: তারিখে সংশোধিত) এর উপ-বিধি ৯৮ (২ক) এর বিধানের প্রেক্ষিতে সংশ্লিষ্ট আদর্শ দরপত্র দলিলের ITT Clause এ মোট ৭ টি নির্ণায়ক সমৃদ্ধ “Past Performance Evaluation and rating matrix” অন্তর্ভুক্ত করা হয়েছিল। উক্ত matrix এর উপর কয়েকটি দরদাতা প্রতিষ্ঠান সুপ্রীম কোর্টের মহামান্য হাইকোর্ট ডিভিশন-এ রীট মামলা দায়ের করলে মহামান্য আদালত কয়েকটি নির্ণায়কের উপর বিভিন্ন মেয়াদে স্থগিতাদেশ প্রদান করে।

২। এ প্রেক্ষিতে অভ্যন্তরীণ কার্যক্রমে সর্বনিম্ন দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে কৃতকার্য দরদাতা নির্বাচনের লক্ষে সিপিটিইউ থেকে প্রণীত আদর্শ দরপত্র দলিল PW2(a), PW3, e-PW2(a) এবং e-PW3 এর ITT Clause এ প্রদত্ত “Past Performance Evaluation and rating matrix” এর দফা ১ থেকে ৭ পর্যন্ত পয়েন্ট বন্টনের কার্যকারিতা স্থগিত করা হলো।

৩। এমতাবস্থায় সর্বনিম্ন দরপত্র মূল্যের সমতার ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৯৮ এর উপ-বিধি (৩১) ও (৩২) প্রয়োগের পূর্বে নিম্নোক্ত উপায়ে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে:-

(ক) ই-জিপিতে দরপত্র প্রক্রিয়াকরণ অর্থাৎ e-PW2(a) এবং e-PW3 ব্যবহারের ক্ষেত্রে, “Past Performance Evaluation and rating matrix” এর ৭ টি নির্ণায়কের সব কয়টিতে সকল দরদাতাকে পূর্ণ নম্বর অর্থাৎ সর্বমোট ১০০০ নম্বর প্রদান পূর্বক বিগত ৫ (পাঁচ) বছরের টার্নওভারের ভিত্তিতে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে।

(খ) অন্যদিকে ম্যানুয়েল পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াকরণ অর্থাৎ PW2(a) এবং PW3 ব্যবহারের ক্ষেত্রে, “Past Performance Evaluation and rating matrix” বাদ দিয়ে শুধুমাত্র বিগত ৫ (পাঁচ) বছরের টার্নওভারের ভিত্তিতে কৃতকার্য দরদাতা নির্বাচন করতে হবে।



(মো: কারুম হোসেন)

মহাপরিচালক, সিপিটিইউ

ফোনঃ ৯১৪৪২৫২-৩

ই-মেইল: cptudg@cptu.gov.bd।

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব----- মন্ত্রণালয়/ বিভাগ।

৩। সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ----- মন্ত্রণালয়/ বিভাগ।

৪। -----ক্রয়কারী সংস্থা (সকল)।

৫। সার্কুলার ফাইল/ গার্ড ফাইল।

